মুজিবনগরে জাতীয় কন্যা শিশু দিবস পালিত

“আমি কন্যাশিশু, স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মুজিবনগরে পালিত হয়েছে জাতীয় কন্যা শিশু দিবস।

বুধবার সকালে মুজিবনগর উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উদ্যোগে দিবসটি উপলক্ষে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা-র সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

অফিস সহকারী নয়নতারা নিশাতের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দীন আল আজাদ, শিক্ষা অফিসার হাফিজুর রহমান, মেডিকেল অফিসার ডা. তাসনুভা তাবাচ্ছুম, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স এবং কিশোর-কিশোরী ক্লাবের আবৃত্তি শিক্ষক রুম্পা খাতুন প্রমুখ।

এর আগে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্বর থেকে কন্যা শিশু দিবস উপলক্ষে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়।
র্যালিতে উপজেলা পরিষদের কর্মকর্তা-কর্মচারীসহ বিভিন্ন স্কুলের শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

মুজিবনগরে জামায়াত এমপি প্রার্থী মাওলানা তাজউদ্দিন

খানের গণসংযোগ

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন সোনাপুর গ্রামে গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকাল ৫টার দিকে সোনাপুর গ্রামের প্রধান সড়ক ও দোকানপাটে এ গণসংযোগ অনুষ্ঠিত হয়। গণসংযোগের নেতৃত্ব দেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য প্রার্থী ও জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা আমীর মাও. খানজাহান আলী, উপজেলা নায়েবে আমীর মাওলানা ফিরাতুল ইসলাম, উপজেলা সেক্রেটারি মোঃ খাইরুল বাসার, সহকারী সেক্রেটারি মোস্তাফিজুর রহমান, উপজেলা শ্রমিক কল্যাণ সভাপতি ফজলুল হক গাজী, উপজেলা সমাজ কল্যাণ সেক্রেটারি আমিনুল হক এবং বাগোয়ান ইউনিয়ন আমীর মাও. ফারুক হোসেন।

গণসংযোগ কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয়।

মুজিবনগরে মনোনয়ন প্রত্যাশী আমিরুল ইসলামের গণসংযোগ অব্যাহত

আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচনকে সামনে রেখে অব্যাহত গণসংযোগ চালিয়ে যাচ্ছেন মেহেরপুর-১ আসনের ধানের শীষের মনোনয়ন প্রত্যাশী মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের রতনপুর ও ঢোলমাড়ি গ্রামে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের ৩১ দফা বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছেন তিনি।

মঙ্গলবার বিকেলে কয়েক শত মোটরসাইকেল ও বিপুল সংখ্যক নেতাকর্মী নিয়ে গণসংযোগের উদ্দেশ্যে রতনপুর ও ঢোলমাড়ি গ্রামে পৌঁছালে দুই গ্রামের নারী-পুরুষ, শিশু এবং স্থানীয় বিএনপি নেতাকর্মীরা তাকে স্বাগত জানান।

তিনি বাগোয়ান ইউনিয়নের রতনপুর ও ঢোলমাড়ি গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন। এ সময় তিনি বলেন, ধানের শীষের পক্ষে ভোট দিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দলকে (বিএনপি) ক্ষমতায় নিয়ে এসে দেশ ও জাতির উন্নয়নের সুযোগ তৈরি করতে হবে।

গণসংযোগ চলাকালে দুই গ্রামের বিএনপি নেতাকর্মীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার সৃষ্টি হয়। আমিরুল ইসলাম বাড়ি বাড়ি গিয়ে মা- বোনদের কাছে ধানের শীষের পক্ষে ভোট প্রার্থনা করেন।

গণসংযোগে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আনোয়ারুল হক কালু, সাধারণ সম্পাদক সোনা গাইন, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ বাগোয়ান ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রাম বিএনপি নেতাকর্মী, মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীবৃন্দ।

মুজিবনগরে আমিরুল ইসলামের

গণসংযোগ ও পথসভা

মেহেরপুর ১ আসনের ধানের শীষের মনোনয়ন প্রত্যাশী, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নে বিএনপি চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছেন।

রবিবার বিকালে বৃষ্টির মধ্যেও কয়েক শত মোটরসাইকেল ও বিপুল সংখ্যক নেতাকর্মী নিয়ে গণসংযোগে অংশ নেন তিনি। গণসংযোগের উদ্দেশ্যে বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া ও সোনাপুর গ্রামে পৌঁছালে স্থানীয় বিএনপি নেতাকর্মীরা তাকে ফুলেল শুভেচ্ছা ও সংবর্ধনা জানান।

তিনি বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া, সোনাপুর ও মাঝপাড়া গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা এবং ৩১ দফা দাবি সংবলিত লিফলেট বিতরণ করেন।

এ সময় তিনি বলেন, ধানের শীষে ভোট দিয়ে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপিকে ক্ষমতায় আনতে হবে, যাতে দেশ ও জাতির উন্নয়নের নতুন সুযোগ সৃষ্টি হয়।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ
বাগোয়ান ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রাম বিএনপি নেতাকর্মী, মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা।

মুজিবনগরে পানি বন্দি ১০টি পরিবারের মানবেতর জীবনযাপন

পানি নিষ্কাশনের কোনো ব্যবস্থা না থাকায় পচা ও তীব্র দুর্গন্ধযুক্ত বদ্ধ পানি, অস্বাস্থ্যকর পরিবেশ, মশা উৎপাদনের উৎসস্থল, বিষধর সাপের উৎপাতসহ নানা সমস্যায় দীর্ঘদিন ধরে মানবেতর জীবনযাপন করছে মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের ফরিদপুর পাড়ার পানিবন্দি ১০টি পরিবার। এদের যেন দেখার কেউ নেই, খোঁজ নেওয়ারও কেউ নেই।

চেয়ারম্যান-মেম্বারকে জানালেও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি। সরাসরি গিয়ে দেখা যায় চলাচলের রাস্তায় পচা দুর্গন্ধময় হাঁটুপানি। সেই পানিতে পরিবারের সদস্যরা ও শিশুরা চলাফেরা করছে।

পানিবন্দি পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলে জানা যায়, আনন্দবাস গ্রামের মৃত শ্রী অনন্ত মণ্ডলের ছেলে ডোবার মণ্ডল ও খোকা মণ্ডল তাদের বাড়ির পাশের ডোবাটি ভরাট না করে রেখেছেন। তারা উঁচু জায়গায় বসবাস করলেও পানি নিষ্কাশনের কোনো ব্যবস্থা করেননি। এর ফলে প্রতি বছর বর্ষাকালে অপর পাশের প্রায় ১০টি পরিবার পানিবন্দি হয়ে পড়ে। পানিতে গরু-ছাগলের মলমূত্র মিশে পচে তীব্র দুর্গন্ধ ছড়ায়। এই পানিতে মশা-মাছি ও বিভিন্ন প্রজাতির সাপের বাস।

স্থানীয়রা জানান, পানির দুর্গন্ধে খাওয়া-দাওয়া করা দুষ্কর হয়ে পড়েছে। বাচ্চারা প্রায়ই অসুস্থ হয়ে পড়ে। ঘরের ভেতরেও পানি ঢুকে পড়ে। রাতে ভয়ে ঘুমানো যায় না। বাচ্চাদের নিয়ে সর্বদা আতঙ্কে থাকতে হয় যে কোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে।

হাঁটুপানিতে বসবাস করছেন স্বামী পরিত্যক্ত শহিদা খাতুন, মৃত সবুর আলীর মেয়ে। ডোবার পাশেই তার ছোট্ট একটি নড়বড়ে টিনের ঘর। আত্মীয়-স্বজন না থাকায় তিনি একাই সেখানে থাকেন। সরেজমিনে দেখা যায়, তার ঘরের ভেতরেও পানি জমে আছে। পানির ওপর একটি চৌকির ওপর তিনি কষ্টের জীবনযাপন করছেন। রান্না করা বা প্রাকৃতিক প্রয়োজন মেটানোর কোনো জায়গা তার নেই।

তিনি জানান, খুব কষ্টে পোকামাকড়ের মধ্যে থাকি। মেম্বার-চেয়ারম্যানকে বলেছি, কিন্তু কোনো ব্যবস্থা নেয়নি কেউ। আমি প্রশাসনের কাছে অনুরোধ করছি দ্রুত যেন এই কষ্ট লাঘবের ব্যবস্থা

নেওয়া হয়।

পানিবন্দি আরেক পরিবারের গৃহবধূ নুরজাহান খাতুন, স্বামী মোজাফফর আলী, বলেন, আমরা খুব কষ্টে আছি। বাড়ির ভেতরেও পানি, পেছনেও পানি। ছোট ছোট বাচ্চা নিয়ে থাকা অসম্ভব হয়ে পড়েছে। বাচ্চারা ঘন ঘন অসুস্থ হয়ে পড়ে। দুর্গন্ধে খাওয়া-দাওয়া করা যায় না। আমার ছয় মাসের একটি শিশু আছে ভয় হয়, যদি কোনো দুর্ঘটনা ঘটে যায়। আমরা চাই প্রশাসন দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা করুক, যাতে আমাদের স্বাভাবিকভাবে বসবাস সম্ভব হয়।

প্রতিবেশী শহিদুল ইসলাম বলেন, ওদের কষ্ট চোখে দেখা যায় না। ছোট বাচ্চারা কোমরসমান পানিতে হেঁটে স্কুলে যায়। বাড়ির মহিলারা হাঁটুপানিতে চলাচল করে। পানিতে তীব্র দুর্গন্ধ, মশার উপদ্রব, মাঝে মাঝে বিষধর সাপও দেখা যায়। আমার অনুরোধ, প্রশাসন যেন দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা নিয়ে তাদের একটি সুস্থ ও স্বাস্থ্যকর জীবনযাপনের সুযোগ করে দেয়।

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পলাশ মণ্ডল বলেন, সাংবাদিকদের মাধ্যমে বিষয়টি জানতে পেরেছি। আমি সংশ্লিষ্ট ওয়ার্ডের গ্রাম পুলিশকে সেখানে পাঠাচ্ছি পরিবারের খোঁজখবর নিতে। পরে ইঞ্জিনিয়ারসহ রাস্তাটি পরিদর্শন করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

মুজিবনগরে আমিরুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনয়ন প্রত্যাশী, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম মুজিবনগর উপজেলার মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়নে বিএনপির চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছেন।

শুক্রবার বিকেলে গণসংযোগের উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের ভবানীপুর গ্রামে পৌঁছালে ভবানীপুর গ্রামের

বিএনপি নেতা-কর্মীরা তাকে স্বাগত জানান। তিনি মোনাখালী ইউনিয়নের ভবানীপুর, রামনগর, গোপালনগর, দারিয়াপুর ইউনিয়নের গৌরীনগর, মহিষনগর, গোপিনাথপুর এবং পুরন্দরপুর গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন।

এ সময় সাধারণ জনগণের মাঝে তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট প্রদানে জনগণকে উৎসাহিত করেন তিনি। এ সময় মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিএনপি নেতা- কর্মী ও সমর্থকরা রাস্তার দুই ধারে দাঁড়িয়ে হাততালি দিয়ে তাকে স্বাগত জানান এবং আগামী নির্বাচনে ধানের শীষে ভোট দিয়ে জাতীয়তাবাদী দলকে ক্ষমতায় নিয়ে আসার অঙ্গীকার করেন।

গণসংযোগকালে পথসভায় বিএনপির নেতা-কর্মী ও সমর্থকদের উদ্দেশ্যে তিনি বলেন, “১৬ বছর আওয়ামী লীগের জুলুম-নির্যাতন সহ্য করে আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে আমরা নতুন একটি দেশ পেয়েছি। আপনারা জাতীয়তাবাদী শক্তিকে শক্তিশালী করে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে রাষ্ট্রীয় ক্ষমতায় বসিয়ে ১৬ বছরের আন্দোলন-সংগ্রামের সফলতা নিয়ে আসবেন।”
তিনি আরও বলেন, “বেগম খালেদা জিয়া ও তারেক রহমান যাকে ধানের শীষের প্রতীক দিয়ে আমাদের মাঝে পাঠাবেন আমরা তার হয়ে একযোগে ধানের শীষের পক্ষে ভোট করে তার বিজয় সুনিশ্চিত করব।”

গণসংযোগকালে উপস্থিত ছিলেন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর রহমান, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রামের বিএনপি নেতা-কর্মীবৃন্দ।

এছাড়াও মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ধানের শীষের ভোট চেয়ে আমিরুল ইসলামের গণসংযোগ ও পথসভা

মুজিবনগর বিএনপির চেয়ারপার্সন তারেক রহমানের ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ করেছে মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম।

বুধবার বিকালে গণসংযোগের উদ্দেশ্যে মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নে পৌঁছালে মহাজনপুর ইউনিয়নবাসী ও বিএনপির নেতাকর্মীরা তাকে বরণ করে নেন।
আমিরুল ইসলামকে একনজর দেখার জন্য রাস্তার দুই ধারে নারী-পুরুষ-শিশুসহ অসংখ্য লোকের ভিড় জমে যায়। এ সময় তারা হাততালি দিয়ে আমিরুল ইসলামকে শুভেচ্ছা জানান এবং ধানের শীষের পক্ষে স্লোগান দেন।

এ সময় সাধারণ জনগণকে ধানের শীষে ভোট দিতে আহ্বান জানান তিনি। পরে তিনি পরানপুর, বাবুপুর ও মহাজনপুর গ্রামে ধানের শীষের পক্ষে ভোট চেয়ে গণসংযোগ, পথসভা ও ৩১ দফার লিফলেট বিতরণ করেন।

এ সময় সাধারণ জনগণের মাঝে তারেক জিয়ার ৩১ দফা দাবি বাস্তবায়নসহ ধানের শীষের পক্ষে ভোট প্রদানে উৎসাহিত করা হয়।

গণসংযোগকালে পথসভায় বিএনপির নেতা-কর্মী ও সমর্থকদের উদ্দেশ্যে তিনি বলেন, ১৬ বছর আওয়ামী লীগের জুলুম-নির্যাতন সহ্য করে আন্দোলন-সংগ্রামের মধ্য দিয়ে আমরা নতুন একটি দেশ পেয়েছি। আপনারা জাতীয়তাবাদী শক্তিকে শক্তিশালী করে ধানের শীষে ভোট দিয়ে বেগম খালেদা জিয়া ও তারেক রহমানকে রাষ্ট্রীয় ক্ষমতায় বসিয়ে ১৬ বছরের আন্দোলন-সংগ্রামের সফলতা নিয়ে আসবেন।

তিনি আরও বলেন, বেগম খালেদা জিয়া ও তারেক রহমান যাকে ধানের শীষের প্রতীক দিয়ে আমাদের মাঝে পাঠাবেন, আমরা তার হয়ে একযোগে ধানের শীষের পক্ষে ভোট দিয়ে তার বিজয় সুনিশ্চিত করব।

গণসংযোগকালে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, মহাজনপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফুল হক কালু,

সাধারণ সম্পাদক সোনা গাইন, বাগোয়ান ইউনিয়ন বিএনপির সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, মোনাখালী ইউনিয়ন বিএনপির সভাপতি রায়হান কবীর, সাধারণ সম্পাদক আনিসুজ্জামান টুটুল, দারিয়াপুর ইউনিয়ন বিএনপির সভাপতি হাফিজুর, সাধারণ সম্পাদক জিয়াউর রহমান, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক নাহিদুল ইসলাম, মেহেরপুর সরকারি কলেজ ছাত্রদলের সভাপতি ফাহিম আহনাফ লিংকনসহ মহাজনপুর ইউনিয়ন, ওয়ার্ড, গ্রাম বিএনপির নেতাকর্মী এবং মুজিবনগর উপজেলা বিএনপি, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা।

মুজিবনগরে নানা আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস পালন

“আমি কন্যাশিশু-স্বপ্ন গড়ি, সাহসে লড়ি, দেশের কল্যাণে কাজ করি” এই প্রতিপাদ্যে মুজিবনগরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস।

মঙ্গলবার সকাল ১১টার সময় গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে জারীগান, কন্যাশিশুদের নিয়ে সংগীত, বাল্যবিবাহের কুফল সম্পর্কিত নাটক, নৃত্য ও আলোচনা সভার মধ্য দিয়ে পালিত হয়েছে জাতীয় কন্যাশিশু দিবস।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির এবারের কন্যাশিশু দিবস পালনের উদ্দেশ্য ছিল কন্যাশিশুদের অধিকার, ক্ষমতায়ন এবং সুরক্ষা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, বাল্যবিবাহ, বৈষম্য এবং কন্যাশিশুদের প্রতি সহিংসতা বন্ধের পক্ষে জনমত তৈরি করা, শিশু অধিকার এবং ন্যায়বিচার প্রচারের জন্য গুডনেইবার্স বাংলাদেশের প্রতিশ্রুতি জোরদার করা।

পরে কন্যাশিশু দিবস পালন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। গুডনেইবার্স মেহেরপুর সিডিপির সিডিসি সভাপতি জহিরুল ইসলামের সভাপতিত্বে ও সহকারী অফিসার (প্রোগ্রাম) আন্তন ফলিয়ার সঞ্চালনায়

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

উপস্থিত ছিলেন গুডনেইবার্স মেহেরপুর সিডিপি ম্যানেজার বিপুল রেমা, সিডিসি সদস্য এস. কীর্তনীয়া সহ সরকারি প্রতিনিধি, এনজিও, স্কুল এবং বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধি।

এছাড়াও উপস্থিত ছিলেন মেয়ে শিশু, শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবক, স্বেচ্ছাসেবক, শিশু অধিকার কমিটি, সম্প্রদায়ের নেতা, স্থানীয় সরকার প্রতিনিধি, সমমনা এনজিও, উন্নয়ন কর্মী এবং জিএনবি/এনজিসিএএফ প্রতিনিধি।

এই অনুষ্ঠানটি সিডিপি চাইল্ড কাউন্সিল, প্রকৃতি ও শান্তি ক্লাবের সদস্য এবং স্বেচ্ছাসেবকদের নেতৃত্বে পরিচালিত হয়।

মুজিবনগরে উপজেলা পর্যায়ে ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতা

“শব্দ শিখুন, ভাষা শিখুন” শব্দভান্ডারে দক্ষতা মানুষের যোগাযোগ এবং সামাজিক দক্ষতা উন্নত করে। মেহেরপুরের মুজিবনগরে উপজেলা পর্যায়ে ইংরেজি ইন্টার-স্কুল ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতা ২০২৫ অনুষ্ঠিত হয়েছে।

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি’র আয়োজনে সোমবার সকাল ১০টায় মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের পর্যটন মোটেলের হল রুমে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতায় উপজেলার ১৫টি মাধ্যমিক বিদ্যালয়ের ৭৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতার প্রাথমিক ধাপ বিদ্যালয় পর্যায়ে অনুষ্ঠিত হয়। প্রাথমিক পর্যায়ে বাছাইকৃত মেধাবী শিক্ষার্থীদের নিয়ে উপজেলা পর্যায়ে এই প্রতিযোগিতা আয়োজন করা হয়।

১ ঘণ্টা সময়ব্যাপী প্রতিযোগীরা ইংরেজি বিষয়ে ৬০ নম্বরের

প্রশ্নের উত্তর লেখে। পরীক্ষা শেষে খাতা মূল্যায়নের পর ৫ জন বিজয়ী শিক্ষার্থীকে উপজেলা পর্যায়ে ইংরেজি বিষয়ে ওয়ার্ড মাস্টার ঘোষণা করা হয়।

প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার ও সম্মাননা প্রদান করা হয়।

পুরস্কার ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি’র সিডিপি সভাপতি ও গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল ইসলামের সভাপতিত্বে এবং সহকারী অফিসার (প্রোগ্রাম) আন্তন ফলিয়ার সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মামুন উদ্দীন আল আজাদ, উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদ, গুডনেইবার্স মেহেরপুর সিডিপি’র প্রজেক্ট ম্যানেজার বিপুল রেমা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স এবং আম্রকানন মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি সিরাজুল ইসলাম।

এছাড়াও অংশগ্রহণকারী ১৫টি বিদ্যালয়ের ১৫ জন ইংরেজি শিক্ষকসহ গুডনেইবার্স মেহেরপুর সিডিপি’র কর্মকর্তা ও স্বেচ্ছাসেবীবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগর উপজেলা পর্যায়ে ইংরেজি ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতা ২০২৫ এ ১ম স্থান অর্জন করেছে দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের নাফিজা আক্তার, ২য় স্থান মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সাফিয়া তাসনিম, ৩য় স্থান দারিয়াপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ওয়াহিদা ফারজানা, ৪র্থ স্থান মুজিবনগর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সামিয়া আক্তার এবং ৫ম স্থান গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ফাহমিদা ফেরদৌসি রশ্মি।

উপজেলা পর্যায়ে নির্বাচিত এই ৫ জন শিক্ষার্থী গুডনেইবার্স আয়োজিত জাতীয় পর্যায়ের ওয়ার্ড মাস্টার প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

মুজিবনগরের কোমরপুর পুলিশ ক্যাম্প পরিদর্শন করলেন পুলিশ সুপার

মেহেরপুরের মুজিবনগর থানাধীন কোমরপুর পুলিশ ক্যাম্পের বার্ষিক পরিদর্শন করেছেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী।

পরিদর্শনকালে তিনি ক্যাম্পে কর্মরত অফিসার ও ফোর্সদের সঙ্গে মতবিনিময় করেন এবং ক্যাম্প এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করেন।

এ সময় পুলিশ সুপার মাদক, অস্ত্র, চোরাচালান উদ্ধার এবং বিভিন্ন মামলার ওয়ারেন্ট তামিলের লক্ষ্যে নিয়মিত পুলিশ অভিযান ও চেকপোস্ট পরিচালনার নির্দেশনা দেন।